**জাতীয় সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট ও অডিট অধিশাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০১৯.০৯.০০৬.২৩-৬২

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩০
০৪ জুন ২০২৩

বিষয় : **একাদশ জাতীয় সংসদের ২৩তম অধিবেশনের ১৪ জুন ২০২৩ তারিখে সংসদের বৈঠকে আনীত মৌখিক ও লিখিত প্রশ্নের জবাব প্রেরণ।**

একাদশ জাতীয় সংসদের ২৩তম অধিবেশনের ১৪-০৬-২০২৩ তারিখ রবিবার মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তরের জন্য নির্ধারিত বৈঠকে মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক আনীত নিম্নবর্ণিত প্রশ্নসমূহের কপি এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রশ্নসমূহের উত্তর এবং সম্পূরক প্রশ্ন ও উত্তর আলাদা পৃষ্ঠায় (নির্ধারিত ছক মোতাবেক) উল্লেখপূর্বক (Nikosh ফন্টে ই-মেইলঃ sasadmin4@rthd.gov.bd প্রেরণসহ) আগামী ০৬-০৬-২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উত্তর যথাসম্ভব সংক্ষিপ্ত ও প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।

| অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | প্রশ্ন নং |
|---|---|
| সড়ক ও জনপথ অধিদপ্তর | তারকা চিহ্নিত প্রশ্ন নং-৩৯০, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০০, ৪০২, ৪১১, ৪১৩, ৪১৬, ৪১৭, ৪১৯, ৪২১, ৪২২, ৪২৪, ৪২৫, ৪২৬, ৪২৭। |
| | লিখিত প্রশ্ন নং- ৩০৩, ৩০৯, ৩১০, ৩১৪, ৩১৫, ৩১৬, ৩২০, ৩২১, ৩২৩, ৩৩০। |
| ডিটিসিএ | তারকা চিহ্নিত প্রশ্ন নং-৩৯৫, ৪০৮। |
| বিআরটিএ | তারকা চিহ্নিত প্রশ্ন নং- ৩৮৫, ৩৯৫, ৩৯৮, ৪০৮, ৪২০, ৪২৩। |
| | লিখিত প্রশ্ন নং- ৩০২, ৩০৯। |
| বিআরটিসি | তারকা চিহ্নিত প্রশ্ন নং-৩৮৫, ৩৯৫, ৪০৮, ৪২৩। |
| | লিখিত প্রশ্ন নং- ৩০১, |
| ডিএমটিসিএল | তারকা চিহ্নিত প্রশ্ন নং-৩৯৫, ৪০৮, |
| ঢাকা বিআরটি | তারকা চিহ্নিত প্রশ্ন নং-৩৯৫, ৪০৮, ৪১৮, |

সংযুক্তিঃ বর্ণনামতে

০৪/০৬/২০২৩

মোঃ দেলোয়ার হোসেন
সহকারী সচিব
ও
বিকল্প কাউন্সিল অফিসার
☎ ৯৫১৩৬৮৮
sasadmin4@rthd.gov.bd


অনুলিপি: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০২। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৩। চেয়ারম্যান, বিআরটিএ, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৪। চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, ইস্কাটন গার্ডেন, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি, উত্তরা, ঢাকা **(দৃঃ আঃ কাউন্সিল অফিসার/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)।**

অতীব জরুরী

নং- ৬৬৮-মঃসাঃ
তাং- ৪/৬/২৩

অনুলিপি: জ্ঞাতার্থে

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

উল্লেখিত প্রতিবেদন আগামী ৫/৬/২৩ তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

০৪/০৬/২৩
মোহাম্মদ মেহেদী ইকবাল
পরিচিতি নং-৬০১৯৫৬
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

D:\11 Th Songsod\Letter (SHAFIQ).doc-316

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ১৪ জুন, বুধবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে মৌখিক উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

***৩৮৫। জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক দূর্ঘটনা রোধকল্পে বিআরটিসির ব্যবস্থাপনায় শক্তিশালী পদক্ষেপ গ্রহণ করিবার কোনো পরিকল্পনা গ্রহণ করা হইবে কিনা; হইলে, তাহা কী?

***৩৮৬। জনাব এ. কে. এম. রহমতুল্লাহ (ঢাকা-১১):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের পাট ও পাটজাত দ্রব্যের চাহিদা দিন দিন বাড়িতেছে; এই উজ্জ্বল সম্ভাবনা কাজে লাগাইয়া আন্তর্জাতিক বাজারে অবস্থান ধরিয়া রাখিতে সরকারের গৃহীত পদক্ষেপ কী? এবং খ) গৃহীত পদক্ষেপের বাস্তবায়ন কী; এবং প্রাপ্ত সফলতা কী?

***৩৮৭। জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) বগুড়া জেলার শেরপুর এবং ধুনট উপজেলাদ্বয়ে কোনো দুস্থ মহিলা কল্যাণ সংস্থা আছে কিনা; খ) উত্তর হ্যাঁ সূচক হইলে,তাহার সংখ্যা কত; এবং কোথায় কোথায় অবস্থিত; গ) চলতি অর্থ বছরে সংস্থাগুলিকে সরকারিভাবে কোনো অনুদান দেওয়া হইয়াছে কিনা; এবং হইলে, সংস্থাওয়ারী হিসাব কী?

***৩৮৮। জনাব মোঃ আফজাল হোসেন (কিশোরগঞ্জ-৫):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলপথ উন্নয়নে জনগণের প্রত্যাশা পূরণ এবং বর্তমান সরকারের প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে সরকার যেই সকল উদ্যোগ গ্রহণ করিয়াছে তাহা কী?

***৩৮৯। বেগম নাজমা আকতার (মহিলা আসন-৪৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ফেনী জেলার উপজেলা পর্যায়ে মহিলাদের আত্মনির্ভরশীল করিয়া তুলিবার লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং নতুন কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা; হইলে, তাহা কী?

***৩৯০। ডাঃ সামিল উদ্দিন আহমেদ শিমুল (চাঁপাইনবাবগঞ্জ-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে এই পর্যন্ত চাপাঁইনবাবগঞ্জ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সড়ক সম্প্রসারণ ও সংস্কার করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? নি প্র / চাঁপাইনবাবগঞ্জ

***৩৯১। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশ কতটি জেলায় রেলপথ আছে; এবং কতটি জেলায় এখনো রেলপথ স্থাপন করা হয় নাই; উক্ত জেলাগুলির নাম কী; উক্ত জেলাগুলিতে কবে নাগাদ রেলপথ স্থাপন করা হইবে?

***৩৯২। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলায় কোনো সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয় কিনা; না হইলে, প্রশিক্ষণ প্রদান এবং সেলাই মেশিন প্রদান করা হইবে কিনা?

***৩৯৩। জনাব হাবিবুর রহমান (সিলেট-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকাধীন সিলেট মৌলভীবাজার সড়কের সিলেট হইতে ফেঞ্চুগঞ্জ পর্যন্ত চার লেনে উন্নতিকরণে আপনার মন্ত্রণালয় কোনো ব্যবস্থাপনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী? নি প্র / মৌলভীবাজার, সিলেট

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***৩৯৪। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর জেলার রায়পুর ও সদর উপজেলার একাংশের অন্তভুক্ত ১নং উত্তর হামছাদী, ২নং দক্ষিণ হামছাদী, দালাল বাজার, ৪নং চররুহিতা, ৫নং পার্বতীনগর, ৭নং বশিকপুর, ১৬নং শাকচর, ২০নং চররমনীমোহন ও ২১নং টুম চরের অনেক রাস্তা মেরামত/সংস্কারের অভাবে চলাচলের অনুপযোগী হইয়া পড়িয়াছে; এই সকল রাস্তা মেরামত/সংস্কারের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে? নি.প্র/ লক্ষ্মীপুর

***৩৯৫। জনাব মোয়াজ্জেম হোসেন রতন (সুনামগঞ্জ-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারের মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গুরুত্বপূর্ণ কার্যক্রম ও অর্জনসমূহ কী কী? ত.প্র/ পরিকল্পনা ও কার্যক্রম, PD/SRTPPF-II

***৩৯৬। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলায় উপজেলার সংযোগ সড়ক নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প চলমান রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/ লক্ষ্মীপুর

***৩৯৭। হাফিজ উদ্দিন আহম্মেদ (ঠাকুরগাঁও-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও সড়কটি চারলেন করিবার কোনো প্রকল্প নেওয়া হইয়াছে কী:

(খ) উত্তর হ্যাঁ হইলে, কবে বাস্তবায়ন শুরু হইবে? ~~নি.প্র~~ ~~অ.প্র.প্র/ রংপুর~~ PD/SRTPPF-II

***৩৯৮। জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক মহাসড়ক যেন একটি মৃত্যু ফাঁদ। রাস্তার বাহিরে বের হইলে, ঘরে ফিরা অনেকটাই অনিশ্চিত। তবে এইবারের ঈদুল ফিতরে রাস্তা অনেকটাই সুশৃংখল ছিল; যাহার ফলে অন্যান্য বৎসরের মত রাস্তার গাড়ী দুর্ঘটনার পরিমাণ কম ছিল; আগামী আর্থিক বছরে সড়ক দুর্ঘটনা রোধকল্পে আপনার মন্ত্রণালয় কী কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে? অ.প্র.প্র/TSW, নি.প্র/Road Safety

***৩৯৯। জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত নারায়ণগঞ্জ জেলায় কতটি প্রকল্পের আওতায় মোট কতটি সড়ক নির্মাণ ও উন্নয়ন করা হইয়াছে? নি.প্র/ নারায়ণগঞ্জ

***৪০০। আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলার গোদাগাড়ি ও তানোর উপজেলায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনে রাস্তার পরিমাণ ও তালিকা কী; উক্ত রাস্তার সংস্কার/মেরামত ও সম্প্রসারণের কোনো পরিকল্পনা আছে কিনা; তাহা কী? নি.প্র, রাজশাহী

***৪০১। সৈয়দ আবু হোসেন (ঢাকা-৪):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশের জনগণের স্বপ্নের পদ্মা সেতু চালু হওয়ার পর হইতে এই পর্যন্ত কী পরিমাণ টোল আদায় করা হইয়াছে; মাসওয়ারী হিসাব কী?

***৪০২। মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সাতক্ষীরা সদরের বিনেরপোতা হইতে ধুলীহর সংযোগ সড়কটির (রিং রোড) কাজ কবে নাগাদ শুরু হইবে? নি.প্র, সাতক্ষীরা

***৪০৩। গাজী মোহাম্মদ শাহনওয়াজ (হবিগঞ্জ-১):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা সিলেট রুটে একটি সরাসরি ট্রেন সার্ভিস চালু এবং সিলেট সুনামগঞ্জ রেল সংযোগ চালু করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

***৪০৪। নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রুগ্ন বস্ত্র শিল্প প্রতিষ্ঠানসমূহ সচল করিবার লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***৪০৫। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) মহিলা অধিদপ্তরের অধীনে বর্তমান কোনো বিত্তহীন সমবায় সমিতির কার্যক্রম চালু আছে কিনা; এবং

(খ) "ক"- প্রশ্নের উত্তর হ্যাঁ সূচক হইলে, উক্ত সমিতির অনুকূলে কী কী সুবিধা দেওয়া হয়?

***৪০৬। জনাব মো: মোজাফফর হোসেন (জামালপুর-৫):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- ক) প্রতিযোগিতামূলক রপ্তানি বাজারে তৈরি পোষাক কমমূল্যে রপ্তানির ক্ষেত্রে দেশের টেক্সটাইল কারখানাসমূহকে সহজশর্তে কাঁচামাল আমদানির বিশেষ সুযোগ দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছ কিনা; এবং

খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

***৪০৭। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে মেহেরপুর জেলায় হতদরিদ্র মানুষের কল্যাণে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং নতুন কোনো প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

***৪০৮। জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকা মহানগরীতে সড়কে শৃঙ্খলা ফিরাইয়া আনিবার লক্ষ্যে সরকার কার্যকর কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা; করিলে, তাহা কী?

***৪০৯। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল বিভাগে বিভিন্ন জেলায় রেলপথ নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ করা হইবে?

***৪১০। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলার মহিলাদের আত্মনির্ভরশীল করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

***৪১১। জনাব মোঃ আব্দুল আজিজ (সিরাজগঞ্জ-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সিরাজগঞ্জ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ ও সংস্কার করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? নি·প্র, সিরাজগঞ্জ৩

***৪১২। জনাব মোকাব্বির খান (সিলেট-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা সিলেট রুটে বেশ কয়েকটি ঐতিহ্যবাহী রেলস্টেশন মেরামত/সংস্কারের অভাবে জরাজীর্ণ ও ব্যবহারের অনুপযোগী হইয়া পড়িয়াছে; এই সকল রেলস্টেশনকে আধুনিকায়নের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

***৪১৩। মেরিনা জাহান (সিরাজগঞ্জ-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) আমার নির্বাচনী এলাকা ৬৭ সিরাজগঞ্জ-৬ এ বর্তমান সরকারের সময়ে কোন্ কোন্ রাস্তার কাজ সম্পাদন করা হইয়াছে;

(খ) বর্তমানে কোন্ কোন্ রাস্তা ও সেতুর কাজ চলমান আছে? নি·প্র, সিরাজগঞ্জ৩

***৪১৪। মোঃ শাহে আলম (বরিশাল-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল জেলার উজিরপুর ও বানারীপাড়া উপজেলায় বিধবা ও অসহায় দরিদ্র মানুষের কল্যাণে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***৪১৫। জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ (রংপুর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, ব্যাক্তি মালিকানাধীন বিলাসবহুল বাস সার্ভিসের তুলনায় রেলওয়ে যাত্রীদের সেবার মান নিম্ন হওয়ায় প্রতিযোগিতায় বাংলাদেশ রেলওয়ে পিছাইয়া আছে; এবং (খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, এই ব্যাপারে সরকারের গৃহীত পদক্ষেপ কী; বাস্তবায়ন অগ্রগতি কী?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***৪১৬। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে কুষ্টিয়া জেলায় বিভিন্ন রাস্তা সংস্কার ও পুনর্নির্মাণ চলমান আছে; উক্ত রাস্তা দ্রুত সম্পন্ন করিবার লক্ষ্যে বিশেষ কোনো পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; হইলে, তাহা কী; এবং না হইলে, কারণ কী? নি.প্র, কুষ্টিয়া

***৪১৭। এনামুল হক (রাজশাহী-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করা হইবে কিনা? নি.প্র, রাজশাহী

***৪১৮। জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিআরটি প্রকল্পটি চালুর সম্ভাব্য সময় জানাইবেন কী?

***৪১৯। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সোনার বাংলা গড়াইবার প্রত্যয়ে দেশের নিরবচ্ছিন্ন, নিরাপদ ও সময় সাশ্রয়ী সড়ক যোগাযোগ নিশ্চিত করিতে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী; আমার নির্বাচনী এলাকায় নতুন রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা?
PD, SRTPPF-II / ত.প্র পরিকল্পনা ও কার্যক্রম / নি.প্র, মানিকগঞ্জ

***৪২০। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সকল মোটরযান মেরামত কারখানাগুলি বিআরটিএ এর নিয়ন্ত্রণে আনিবার লক্ষ্যে সরকার কর্তৃক কোনো পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; হইলে, তাহা কী?

***৪২১। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে টাঙ্গাইল জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় সড়ক উন্নয়নের লক্ষ্যে কী পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে? নি.প্র/টাঙ্গাইল

***৪২২। জনাব আলী আজম (ভোলা-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ভোলা জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/ভোলা

***৪২৩। জনাব পনির উদ্দিন আহম্মেদ (কুড়িগ্রাম-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সড়ক দুর্ঘটনা রোধে বাসচালক ও হেলপারদের প্রতিবছর একবার স্বাস্থ্য পরীক্ষা করাইবার কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; না হইলে, করা হইবে কিনা?

***৪২৪। জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ব্রাহ্মণবাড়িয়া জেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ ও সংস্কার করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? নি.প্র/ব্রাহ্মণবাড়িয়া

***৪২৫। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ঝিনাইদহ জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে কোনো সড়ক ও সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং নতুন কোনো রাস্তা/সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/ঝিনাইদহ

***৪২৬। জনাব শামীম হায়দার পাটোয়ারী (গাইবান্ধা-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের উত্তর বঙ্গের মহাসড়কগুলির উন্নয়ন ও সম্প্রসারণে বিগত পাঁচ বছরে কী কী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে? ত.প্র/পরিকল্পনা ও কার্যক্রম

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

***৪২৭। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাটুরিয়া দৌলতদিয়ায় সেতু নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ নির্মাণ কাজ শুরু করা হইবে?

**ঢাকা,**

**১৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ ।**

**০২ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ ।**

**কে, এম, আব্দুস সালাম**

সংসদ সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ১৪ জুন, বুধবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে লিখিত উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

**২৯৩। জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কর্পোরেটে নারীর অংশগ্রহণ বাড়াইতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উৎসাহমূলক কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা; করিলে, তাহা কী?

**২৯৪। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) দেশে সড়ক মহাসড়ক বাড়াইলেও সেই তুলনায় বাড়িতেছে না রেলপথ। স্বাধীনতার ৪২ বছরেও মাত্র ৯১ কিলোমিটার রেললাইন সম্প্রসারণ করা হইয়াছে; এবং

(খ) "ক"- প্রশ্নের উত্তর সত্য হইলে, রেলপথ না বাড়াইবার কারণ কী; রেল ভ্রমন নিরাপদ ও মালামাল পরিবহন ব্যয় কম ও সাশ্রয়ী হওয়ায় দেশে রেলপথ সম্প্রসারণ জরুরি; এমতাবস্থায় রেললাইন সম্প্রসারণে সরকার দ্রুত পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

**২৯৫। নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, তাঁত বস্ত্রের উন্নয়নে ফ্যাশন ডিজাইন বেসিক সেন্টার ও একাধিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

**২৯৬। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত ১৪ বছরে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য সাফল্যসমূহ কী কী?

**২৯৭। জনাব নাছিমুল আলম চৌধুরী (কুমিল্লা-৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঐতিহ্যবাহী দেশের তাঁত শিল্প ও তাঁতীদের কল্যাণকল্পে সরকার গত এক দশকে কী কী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

**২৯৮। জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনি-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়েকে একটি নির্ভরযোগ্য, সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব গণপরিবহনে রূপান্তরে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

**২৯৯। পীর ফজলুর রহমান (সুনামগঞ্জ-৪):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) ছাতক হইতে সুনামগঞ্জ পর্যন্ত রেললাইন সম্প্রসারণের কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ কাজ শুরু হইবে এবং না সূচক হইলে, তাহার কারণ কী?

**৩০০। মোঃ শাহে আলম (বরিশাল-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রেল ভ্রমণের জন্য জনগণ টিকেট কাউন্টারে গিয়া সিট পায়না; দাঁড়ানো অবস্থায় টিকেট নিয়া গাদাগাদি করিয়া ঢুকে যেন রেলের ভিতরে একতিল পর্যন্ত জায়গা ফাঁকা পাওয়া যায়না; অথচ রেল কেন এই পর্যন্ত লাভের মুখ দেখেনা; তাহার কারণ কী; এবং রেলকে লাভজনক করিতে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে; হইলে, তাহার সুফল কবে নাগাদ পাওয়া যাইবে?

**৩০১। মোঃ শাহে আলম (বরিশাল-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে দক্ষ মটর ড্রাইভার সৃষ্টির লক্ষ্যে আমার নির্বাচনী এলাকা বানারীপাড়া উপজেলা সদরে বিআরটিসির একটি মোটর ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্র চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

**৩০২। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা চট্টগ্রাম মহানগরীতে যানবাহন চলাচল নজরদারি বাড়াইতে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ বেতার তরঙ্গ শনাক্তের প্রযুক্তির মাধ্যমে তদারকি জোরদারের লক্ষ্যে সড়কে আরও নতুন নতুন ক্যামেরা বসাইবার পরিকল্পনা গ্রহণ করিবে কিনা; করিলে, তাহা কী?

**৩০৩। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে লক্ষ্মীপুর জেলায় সড়ক পরিবহন মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং নতুন কোনো সড়ক নির্মাণের পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/লক্ষ্মীপুর

**৩০৪। হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বাংলাদেশ জুট কর্পোরেশনের নিয়ন্ত্রণে বর্তমানে কতটি প্রেস হাউস আছে; এবং

(খ) উক্ত প্রেস হাউসগুলি কোথায় অবস্থিত?

**৩০৫। হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, (ক) বর্তমানে কোন্ কোন্ দেশে বাংলাদেশের পাট ও পাটজাত দ্রব্যের চাহিদা আছে; এবং

(খ) দেশওয়ারী চাহিদার পরিমাণ কত?

**৩০৬। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলায় মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**৩০৭। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলায় অসহায় দুস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

**৩০৮। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলার অসহায় দুস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

**৩০৯। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে সড়ক দূর্ঘটনায় হতাহত বন্ধে সরকার কার্যকর কী উদ্যোগ গ্রহণ করিয়াছে; এবং তাহা যথেষ্ঠ কিনা? অ.প্র/TSW, নি.প্র/Road Safety

**৩১০। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল জেলায় কোনো বড় ধরনের সেতু নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কোথায় কবে নাগাদ নির্মাণ করা হইবে? নি.প্র/বরিশাল

**৩১১। জনাব আলী আজম (ভোলা-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেশম শিল্প সম্প্রসারণে এই পর্যন্ত সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

**৩১২। জনাব আলী আজম (ভোলা-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলার বোরহানউদ্দিন ও দৌলতখান উপজেলায় মহিলাদের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**৩১৩। সৈয়দ আবু হোসেন (ঢাকা-৪):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে পাটকলের সংখ্যা কত; উক্ত পাটকলের মধ্যে কতটি চালু আছ; কতটি পাটকল বন্ধ আছে; পাটজাত পণ্য ব্যবহার বৃদ্ধি করিবার লক্ষ্যে বন্ধ পাটকলগুলি চালু করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, কারণ কী?

**৩১৪। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে টাঙ্গাইল জেলায় রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার লক্ষ্যে কোনো প্রকল্প চলমান রহিয়াছে কিনা; থাকিলে, তাহা কী? নি.প্র/টাঙ্গাইল

**৩১৫। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশে স্মার্ট সড়ক নেটওয়ার্ক গড়িয়া তুলিবার লক্ষ্যে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে? তা.প্র/ পরিকল্পনা ও কার্যক্রম

**৩১৬। জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগা-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৪ সাল হইতে এই পর্যন্ত নওগাঁ জেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন কতটি সেতু নির্মাণ করা হইয়াছে এবং কী পরিমাণ রাস্তা সম্প্রসারণ ও সংস্কার করা হইয়াছে? নি.প্র / নওগাঁ

**৩১৭। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে চট্টগ্রাম হইয়া কক্সবাজার পর্যন্ত রেল চলাচলের লক্ষ্যে রেল লাইন নির্মাণের কাজ কতটুকু সম্পন্ন হইয়াছে; কবে নাগাদ এই রুটে রেল চলাচল শুর করা সম্ভব হইবে?

**৩১৮। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বানচী এলাকা লক্ষ্মীপুর-২ এর অন্তর্গত রায়পুর ও সদর উপজেলার একাংশে কোনো নারী নির্যাতন প্রতিরোধ সেল রহিয়াছে কিনা; থাকিলে, তাহা হইতে কী কী সহায়তা প্রদান করা হইয়া থাকে?

**৩১৯। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে নোয়াখালী জেলায় অবস্থিত সোনাপুর রেল স্টেশন পর্যন্ত কী পরিমাণ রেললাইন ডাবল করিবার কাজ সম্পন্ন হইয়াছে; ইহার ফলে রেল চলাচল আরো গতিশীল হইবে কিনা?

**৩২০। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত জানুয়ারি/২০২২ হইতে এপ্রিল/২০২৩ পর্যন্ত লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কী পরিমাণ রাস্তা নির্মাণ, সম্প্রসারণ ও সংস্কার করা হইয়াছে; হইলে, তাহার তালিকা কী? নি.প্র / লক্ষ্মীপুর

**৩২১। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরের এপ্রিল/২০২৩ পর্যন্ত লক্ষ্মীপুর জেলার অন্তর্গত রায়পুর ও সদর উপজেলার একাংশের সড়ক উন্নয়নে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

নি.প্র/ লক্ষ্মীপুর

**৩২২। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দৈনন্দিন কাজে পাট ও পাটজাত দ্রব্য সামগ্রী ব্যবহারে জনসাধারণকে আরো উৎসাহিত করিবার লক্ষ্যে সরকারের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

**৩২৩। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় গড়িয়ারপাড় হইতে পিরোজপুর জেলার স্বরূপকাঠী সড়কটির প্রস্থ কম হওয়ায় প্রায়ই দূর্ঘটনা ঘটে; এই দূর্ঘটনা রোধকল্পে সড়কটি চব্বিশ ইঞ্চি প্রশস্ত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে? নি.প্র/ বরিশাল, পিরোজপুর

**৩২৪। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বাংলাদেশ রেলওয়ের অব্যবহৃত ও পরিত্যক্ত জমিসমূহ অংশীদারীত্বের ভিত্তিতে বাণিজ্যিক ব্যবহারে দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) যেই সকল রেলওয়ের ভূমি বেদখল আছে তাহা উদ্ধারের কোনো পরিকল্পনা আছে কী; থাকিলে, কবে নাগাদ শুরু হইবে?

**৩২৫। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) দেশের নির্যাতিত, অসহায় নারী, স্বামী পরিত্যক্ত ও শিশুদের সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণে সরকারের গৃহীত পদক্ষেপ কী; (খ) গৃহীত পদক্ষেপ বাস্তবায়নে অগ্রগতি ও সুফল কী; (গ) সারাদেশে সুবিধা বঞ্চিত শিশুদের কোনো পরিসংখ্যান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং (ঘ) সুবিধা বঞ্চিত শিশুদের পুনর্বাসনের জন্য সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা আছে কী?

**৩২৬। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) আমার নির্বাচনী এলাকা ১৯১ ঢাকা-১৮ আসনে বিমানবন্দর রেলস্টেশন এর পার্শ্বে সরকারি বেসরকারি বিভিন্ন গুরুত্বপুর্ণ প্রতিষ্ঠান থাকিবার কারণে প্রতিদিন এই সমস্ত এলাকায় হাজার হাজার মানুষ যাতায়াত করিয়া থাকে; উক্ত বিমানবন্দর রেল স্টেশনে কোনো আন্ডার পাস অথবা ফুট ওভারব্রিজ নির্মাণে কোনো পরিকল্পনা আছে কী: এবং উক্ত রেলস্টেশনকে আধুনিকায়নে কোনো কর্মপরিকল্পনা আছে কী;
(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; এবং না সূচক হইলে, কেনো?

**৩২৭। মেরিনা জাহান (সিরাজগঞ্জ-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ৬৭ সিরাজগঞ্জ-৬ নির্বাচনী এলাকায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন ভাতা কর্মসূচির ভাতাভোগীর সংখ্যা কত?

**৩২৮। মেরিনা জাহান (সিরাজগঞ্জ-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারীর উন্নয়ন ও নারীর ক্ষমতায়নে আপনার মন্ত্রণালয় কী কী প্রকল্প গ্রহণ করিয়াছে; প্রকল্পগুলির বর্তমান অগ্রগতি কতটুকু?

**৩২৯। মেরিনা জাহান (সিরাজগঞ্জ-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**৩৩০। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় কোনো রাস্তা, ব্রিজ ও কালভার্ট উন্নয়নের জন্য তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; হইলে, কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে? নি: প্র/বরিশাল

**ঢাকা,**
**১৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ।**
**০২ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ।**

**কে, এম, আব্দুস সালাম**
সংসদ সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।